

হানাফিয়্যাহ কী ? হানাফিয়্যাহ বলতে কি বুঝায় ?

হানাফিয়্যাহ শব্দের অর্থ- খালিস, খাঁটি বা বিশুদ্ধতা । শরী‘য়তে ইছলামিয়্যাহর পরিভাষায় হানাফিয়্যাহ্ বলা হয় ইবরাহীম ﷺ এর মিলাত বা তাঁর অনুসৃত দ্বীনকে; যা হলো, খাঁটি মনে একনিষ্ঠভাবে এক আলাহর ‘ইবাদত করা এবং অন্য কাউকে বা কোন কিছুকে আলাহর সাথে বিন্দুমাত্র শরীক বা অংশীদার না করা । মোটকথা ‘ইবাদতে আলাহর নিখাঁদ একত্ব প্রতিষ্ঠা করা ,আলাহকে একক ও অদ্বিতীয় সাব্যস্ত করাই হলো হানাফিয়্যাহ্ ।

প্রতিটি মানুষের এ কথা জেনে রাখা অবশ্য কর্তব্য যে, পবিত্রতা অর্জন ব্যতীত নামাযকে যেমন নামায বলা যায় না, তেমনি তাওহীদ (আলাহর একত্ব প্রতিষ্ঠা) ব্যতীত কোন ‘ইবাদতকে আলাহর ‘ইবাদত বলা যায় না । ‘ইবাদতে যতক্ষণ পর্যন্ত আলাহকে একক ও অদ্বিতীয় সাব্যস্ত করা না হবে (পরিপূর্ণরূপে তাওহীদ প্রতিষ্ঠা করা না হবে) ততক্ষণ পর্যন্ত তা আলাহর ‘ইবাদত বলে গণ্য হবে না । পবিত্রতা ভংগ বা বিনষ্টকারী কোনকিছু যেমন নামাযকে বিনষ্ট করে দেয়, তেমনি আলাহর একত্বের (তাওহীদ) বিপরীত ও পরিপন্থি বিষয়; শির্ক (আলাহর সাথে অন্য কাউকে শরীক বা অংশীদার না করা) ঈমান-ইছলাম ও ‘ইবাদতকে বাতিল ও বিনষ্ট করে দেয় । তাই হানাফিয়্যাহ হলো দ্বীনে ইছলামের সকল ভিত্তির প্রধান ও মূল ভিত্তি ।